

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারক সংখ্যা-বিঅ-৬/৭০৫৩/৪৪১

তারিখ : ১৬-১০-২০২৩ খ্রি.

বিষয় : কারণ দর্শানো জবাব দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার শালিখা উপজেলাধীন সীমাখালী স্কুল এন্ড কলেজ-এর নথিপত্র এবং তথ্য উপাত্ত যাচাই-বাছাই করে দেখা যায় ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে পাঠদানের অনুমতি প্রদান করা হয়। শুরু থেকে এ প্রতিষ্ঠানে উচ্চ মাধ্যমিক পর্যায়ে কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি হয়নি। ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ থেকে কোনো শিক্ষার্থীই উচ্চ মাধ্যমিক পর্যায়ে ভর্তি হয়নি। ২০১৭ সালে ০৩ (তিন) জন পরীক্ষার্থী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে এবং ০২ (দুই) জন উত্তীর্ণ হয়। এর পরে আর কোন পরীক্ষার্থী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করেনি এবং বিগত ০৫ (পাঁচ) বছর উচ্চ মাধ্যমিক পর্যায়ে কোনো শিক্ষার্থী ভর্তি না হওয়া, পরীক্ষায় কোনো পরীক্ষার্থী অংশগ্রহণ না করা এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে কার্যক্রম বন্ধ থাকায় কলেজ মঞ্জুরি কমিটির অনুমোদন সাপেক্ষে মাগুরা জেলার শালিখা উপজেলাধীন সীমাখালী স্কুল এন্ড কলেজ-এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি ৩১-১০-২০২২ খ্রি. তারিখে ৩৭.১১.৪০৪১.৪৪১.২৩.০০১.২০.১২ নং স্মারকপত্রে নির্দেশক্রমে বাতিল করা হয় যা ০৩-০৯-২০২৩ খ্রি. তারিখে কলেজ মঞ্জুরি কমিটির ৫৫তম সভায় ভূতাপেক্ষিকভাবে অনুমোদন হয় এবং পরবর্তী ম্যানেজিং কমিটি গঠনের জন্য যশোর বোর্ডের বিদ্যালয় শাখায় আবেদন করার জন্য অনুরোধ করা হয়।

গতপর্বে বডি গঠন সংক্রান্ত বিষয়ে ওসি-১৮৩/২০১৮ নং মামলা বিজ্ঞ সহকারী জজ আদালত, শালিখা, মাগুরায় চলমান থাকায় সীমাখালী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ নজরুল ইসলাম বিদ্যালয়ের পরবর্তী ম্যানেজিং কমিটি গঠনের জন্য করণীয় সম্পর্কে নির্দেশনা প্রয়োজন মর্মে বিগত ১০-১১-২০২২ খ্রি. তারিখে অনলাইন আবেদন (আইডি নং-১৯১৮২) দাখিল করেন।

প্রধান শিক্ষকের বিগত ১০-১১-২০২২ খ্রি. তারিখে অনলাইন আবেদন (আইডি নং-১৯১৮২) এর প্রেক্ষিতে ও বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী বর্ধিত বিদ্যালয়টি সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে পরবর্তী নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের জন্য বিগত ১০-০৭-২০২০ খ্রি. তারিখে বিঅ-৬/৭০৫৩/৭৫৫ নং স্মারকপত্রে (মূল নথিতে) এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হয়। কিন্তু অধ্যাবধি পর্যন্ত আপনি এডহক কমিটি অনুমোদনের জন্য কোনো আবেদন এ বোর্ডে দাখিল করেননি।

প্রবিধানমালা-২০০৯ এর ২(বা) ও ৩(খ) ধারা অনুসারে একটি মাধ্যমিক স্তরের কোনো বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালিত হতে পারে কেবলমাত্র ম্যানেজিং কমিটির মাধ্যমে। আপনার বিদ্যালয়ে দীর্ঘ সময়ে ম্যানেজিং কমিটি/এডহক কমিটি নাই। ম্যানেজিং কমিটি/এডহক কমিটি ব্যতীত আপনি বিদ্যালয় পরিচালনা করছেন। যা এস,আর, ও নং ১৫৩/আইন/২০০৯ এর ২(বা) এবং ৩(খ) ধারার সুস্পষ্ট লঙ্ঘন।

এমতাবস্থায়, বিগত ৩১-১০-২০২২ খ্রি. তারিখে ৩৭.১১.৪০৪১.৪৪১.২৩.০০১.২০.১২ নং স্মারকপত্র এবং বিগত ১০-০৭-২০২০ খ্রি. তারিখে বিঅ-৬/৭০৫৩/৭৫৫ নং স্মারকপত্রে এ বোর্ড হতে প্রেরিত নির্দেশনা অমান্যকরণ ও এস,আর, ও নং ১৫৩/আইন/২০০৯ এর ২(বা) এবং ৩(খ) ধারা লঙ্ঘন করায় কেন আপনার বিদ্যালয়ের স্বীকৃতি স্থগিত করা হবে না তার জবাব পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন নম্বর-০২৪৭৭৬২৭০৫

প্রধান শিক্ষক

সীমাখালী মাধ্যমিক বিদ্যালয় (১১৮০৭৪)

সীমাখালী, শালিখা, মাগুরা

স্মারক সংখ্যা-বিঅ-৬/৭০৫৩/৪৪১(১-৫)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, মাগুরা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, মাগুরা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শালিখা, মাগুরা।
- ৫। সংরক্ষণ নথি।


তারিখ : ১৬-১০-২০২৩ খ্রি.

  
১৬/১০/২০২৩

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

  
১৬/১০/২৩